

১০/১১/০৭

# আগামী শিক্ষাবর্ষে ক্লাস শুরু হওয়ার কথা


■ আব্দুল মান্নিক চৌধুরী,  
সিলেট অফিস

সিলেটবাসীর বহুদিনের স্বপ্ন ইঞ্জিনিয়ারিং কলেজ চালু হতে যাচ্ছে। পাহাড় ফেরা হনোরম প্রাকৃতিক পরিবেশে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ভবন নির্মাণের কাজ দ্রুত এগিয়ে চলছে। সিলেট দৃষ্টি বামারের উত্তর সীমানা সংলগ্ন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সন্মুখে এ একর জায়গার উপর নির্মিতব্য এই কলেজটি স্থাপনের উদ্দেশ্য হচ্ছে স্নাতক পর্যায়ে ইঞ্জিনিয়ারিং শিক্সা সম্প্রসারণ, কারিগরি ক্ষেত্রে জনশক্তি বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দেশের উন্নয়ন ত্বরান্বিত করা এবং কারিগরি ক্ষেত্রে গবেষণা এবং উন্নয়নের সুবিধা বৃদ্ধি করা।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এটি ডিপার্টমেন্ট নিয়ে এই কলেজ চালু হবে তা হচ্ছে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং।

সরকারের অর্থায়নে ৫৬ কোটি ৬৩ লাখ টাকা ব্যয়ে এ ইঞ্জিনিয়ারিং কলেজ নির্মিত হচ্ছে।

সিলেটবাসীর বহুদিনের স্বপ্ন ইঞ্জিনিয়ারিং কলেজ



সিলেট অফিসঃ সিলেটে নির্মাণাধীন ইঞ্জিনিয়ারিং কলেজ-আব্দুল বাতিন ফসল -ইত্তেফাক

ইতিমধ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, লাইব্রেরী ভবন, প্রশাসনিক ভবন, কম্পিউটার এন্ড কমিউনিকেশন ভবন ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ভবনের ৩ তলা পর্যন্ত কাজ সমাপ্ত হয়েছে এবং ৪র্থ তলার নির্মাণ কাজ চলছে। অধিকের ২ তলা বিশিষ্ট ভবনের ও নির্মাণ কাজ আগামী ডিসেম্বরের মধ্যে নির্মাণ কাজ শেষ হবে বলে সংশ্লিষ্ট শাখা প্রকৌশলী জানান।

প্রকল্পে জাইরেটর মোঃপেচুর রহমান বান আনান, ইতিমধ্যে ছাত্র ছাত্রীদের হোস্টেল, টাফ কোয়ার্টার ডরমেটরী ইত্যাদির জন্য আমরা আরো ৩ একর জায়গার জন্য পত সম্পদ মন্ত্রণালয় লিখেছি। এই জায়গাটুকু পেলে আমরা একটি সুন্দর ক্যাম্পাস সম্পন্ন কলেজ তৈরি করতে পারব। এইচএসসি বিজ্ঞান বিভাগে পাস করার পর সিলেট ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র-ছাত্রীরা অধ্যয়ন করতে পারবে এবং কোর্স শেষে ইঞ্জিনিয়ারিং স্নাতক ডিগ্রী লাভ করবে। এই কলেজে ৪ বছরে ৭২০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করার সুযোগ পাবে।